বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

আবশ্যক

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳: ১২৫০০-৩০২৩০/- বেতনস্কেলে **"ড্রাফটসম্যান"** প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশ সহ ভোকেশনাল ইন ড্রাফটিং -এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং তৎসহ Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে দক্ষতা থাকিতে হইবে।

২। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **"স্টোর কীপার গ্রেড-২"** প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৩। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **"পি.এ."** উপাচার্য অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ এর গতি সম্পন্ন এবং MS Word, MS Excel, Power Point এবং Web searching-এ পর্যাপ্ত দক্ষতা থাকিতে হইবে। ইংরেজীতে পর্যাপ্ত দক্ষতা এবং গোপনীয় ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হইবে।

৪। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **" ল্যাব: ইন্সট্রাক্টর কাম-স্টোর কীপার"** সি.এস.ই. বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে MS Word, MS Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৫। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **"লাইব্রেরী এসিস্ট্যান্ট কাম-ডকুমেন্টেশন এ্যাসিস্ট্যান্ট"** (ক) পানি সম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ এবং (খ) আই.আই.সি.টি-এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/ গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৬। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **"অপারেটর মেকানিক"** ডিএইআরএস অধীন মেশিন শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳: ১১০০০-২৬৫৯০/- বেতনস্কেলে **"উচ্চমান সহকারী"** শেরে বাংলা হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটারে MS Word, MS Excel এবং Power Point-এ দক্ষতা থাকিতে হইবে।

৮। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতনস্কেলে **"এল.ডি.এ. কাম কম্পিউটার অপারেটর"** পদার্থ বিজ্ঞান বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৯। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতনস্কেলে **"সুপারভাইজার"** (ক) শহীদ স্মৃতি হলের ১টি স্থায়ী পদ এবং (খ) সোহরাওয়ার্দী হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুপারভিশনের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। অথবা এস.এস.সি সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel জানা প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১০। ৳: ৯৩০০-২২৪৯০/- বেতনস্কেলে **"বাবুর্চি"** সোহরাওয়ার্দী হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এসএসসি পাশ সহ সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১১। ৳: ৮২৫০-২০০১০/- বেতনস্কেলে **"গার্ড"** (ক) রেজিস্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ৮টি স্থায়ী পদ এবং (খ) শেরে বাংলা হলের ২ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। উচ্চতা কমপক্ষে ৫ ফুট ৬ ইঞ্চি হইতে হইবে। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

বি: দ্রঃ- গার্ড পদ ব্যতীত অন্যান্য পদে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণ যোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং গার্ড পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) অথবা বুয়েটের নোটিশ বোর্ডে দেখা যাইতে পারে।

উল্লেখিত পদের আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ২৫/০২/২০১৯

রেজিস্ট্রার

নং সংস্থা/অ-৫/ রে-৩৫৭৩(১০০) তারিখ ঃ ২১/০১/১৯

বিতরণ (প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)ঃ

১। ডীন, সকল অনুষদ, বা: প্র: বি:,ঢাকা।
২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো যাইতেছে।
৩। পরিচালক, আইআইসিটি, বা: প্র: বি:,ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে দেওয়ার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস। সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।